# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৪. কর্ম পর্যায়ের একত্ব বা ইবাদাতের তাওহীদ

আরবীতে একে ‘তাওহীদুল উলূহিয়্যাহ’ বা ‘তাওহীদুল ইবাদত’ বলা হয়। উলুহিয়্যাহ শব্দটি ‘ইলাহ’ থেকে গৃহীত। ‘‘ইলাহ’’ (إله) শব্দের অর্থ ‘‘মাবুদ’’, অর্থাৎ উপাস্য বা পূজ্য। প্রসিদ্ধ ভাষাবিদ আহমদ ইবনু ফারিস (৩৯৫ হি) বলেন:

اَلْهَمْزَةُ وَاللاَمُ وَالْهَاءُ أَصْلٌ وَاحِدٌ، وَهُوَ التَّعَبُّدُ. فَالإِلهُ اللهُ تَعَالَى، وَسُمِّيَ بِذَلِكَ لأَنَّهُ مَعْبُوْدٌ

‘‘হামযা, লাম ও হা=ইলাহ: ধাতুটির একটিই মূল অর্থ, তা হলো ইবাদত করা। আল্লাহ ‘ইলাহ’ কারণ তিনি মা’বুদ বা ইবাদতকৃত।’’[1]

আরবী ভাষায় সকল পূজিত ব্যক্তি, বস্ত্ত বা দ্রব্যকেই ‘ইলাহ’ বলা হয়। এজন্য সূর্যের আরেক নাম ‘আল-ইলাহাহ’ (الإِلاهَة); কারণ কোনো কোনো সম্প্রদায় সূর্যের উপাসনা বা পূজা করত।[2]

ফুটনোট

[1] ইবনু ফারিস, মু’জামু মাকাইসিল্লুগাহ ১/১২৭।

[2] ইবনু ফারিস, মু’জামু মাকাইসিল্লুগাহ ১/১২৭; রাগিব ইসপাহানী, আল-মুফরাদাত, পৃ. ২১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7088

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন